# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।

ওয়েব : sadar.sunamganj.gov.bd

‘শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি’

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভার তারিখ | : ১৩ জানুয়ারি ২০২২ খ্রি.। |
| সময় | : বেলা ০৩:০০ ঘটিকা। |
| স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| সভাপতি | : জনাব মোঃ খায়রুল হুদা<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-‘ক’)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সুনামগঞ্জ সদর উপজেলায় নব নির্বাচিত ইউ/পি চেয়ারম্যানগণকে উপজেলা পরিষদের পক্ষ থেকে বরণ করে নেওয়া হয়। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় বিগত সময়ের ন্যায় সুনামগঞ্জ সদর উপজেলার সকল ইউ/পি চেয়ারম্যানগণকে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার অনুরোধ জানান। তিনি আরও জানান বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর টেন্ডারের মাধ্যমে বাস্তবায়িত কাজগুলো সম্পন্ন করতে আরও ০১(এক) মাস সময় লাগতে পারে। তিনি দ্রুত কাজ বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। | আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর টেন্ডারের মাধ্যমে বাস্তবায়িত কাজগুলো দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| ২. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর টেন্ডারের মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পগুলোর কাজ প্রায় শেষ পর্যায়ে এবং ২য়, ৩য় ও ৪র্থ কিস্তির বরাদ্দ বাস্তবায়ন করার জন্য সকলকে নীতিমালা অনুযায়ী প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান রয়েছে এবং পঞ্চম পর্যায়ের অবকাঠামো উন্নয়ন প্রকল্প এর টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে ঠিকাদার নির্বাচন হলে দ্রুত কাজ বাস্তবায়ন করা হবে। এছাড়া পঞ্চম পর্যায়ের সক্ষমতা উন্নয়ন প্রকল্প (প্রশিক্ষণ) এর অনুমোদন পাওয়া গেছে কাজ দ্রুত | আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর ২য়, ৩য় ও ৪র্থ কিস্তির বরাদ্দ বাস্তবায়ন করার জন্য প্রকল্প যাচাই-বাছাই কমিটি বরাবর নীতিমালা অনুযায়ী প্রকল্প দাখিল করার জন্য, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর পঞ্চম পর্যায়ের সক্ষমতা উন্নয়ন প্রকল্প (প্রশিক্ষণ) দ্রুত বাস্তবায়ন এবং রঙ্গাঁরচর ইউনিয়নের নৈগাং ছড়ায় একটি সুইচ গেইট এলজিইডির মাধ্যমে নির্মাণ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| | বাস্তবায়ন করার জন্য তিনি সভাকে অনুরোধ জানান। তাছাড়া তিনি সভাকে জানান রঙ্গাঁরচর ইউনিয়নের দক্ষিণ নৈগাং, উত্তর নৈগাং ও শিংপুর এলাকায় কৃষকদের সুবিধার্থে নৈগাং ছড়ায় একটি সুইচ গেইট এলজিইডির মাধ্যমে নির্মাণ করা একান্ত প্রয়োজন। | করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান ২নং গৌরারং ইউনিয়ন পরিষদ দ্বি-বিভাজন করার বিষয়ে একটি আবেদন পাওয়া যায়। আয়তন ও জনসংখ্যার দিক থেকে এটি একটি বৃহত্তর ইউনিয়ন। উক্ত ইউনিয়নের আয়তন ১২,৬২৫ একর, লোকসংখ্যা ৫২,৬৪০ জন, ভোটার সংখ্যা ২৭,০৬৪ জন। জনসাধারণের সুষম উন্নয়নের স্বার্থে ও জীবন যাত্রার মান উন্নয়নে উক্ত ইউনিয়নটি দ্বি-বিভাজন করা খুবই জরুরী। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে ২নং গৌরারং ইউনিয়ন পরিষদ দ্বি-বিভাজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান কোভিড-১৯ এর টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে করোনা ভাইরাস সংক্রমনের হার বৃদ্ধি পাওয়ায় জনগণকে আরও সচেতন হতে হবে। তিনি সকলকে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ জানান। | আলোচনান্তে করোনা ভাইরাসের টিকা গ্রহণে সকলকে উৎসাহিত করা এবং সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ৫. | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর সভায় জানান যে, সুনামগঞ্জ সদর উপজেলায় গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান নতুন অর্থ বছরের আওতায় ১৯৭টি গভীর নলকূপ স্থাপন করা হয়েছে এবং অবশিষ্ট নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। | আলোচনান্তে অবশিষ্ট গভীর নলকূপ স্থাপনের কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর। |
| ৬. | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান বর্তমানে বোরো ধান রোপন কার্যক্রম চলমান রয়েছে এবং অন্যান্য দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। কৃষি উন্নয়নমূলক কাজে সার্বিক সহয়োগিতা করার জন্য তিনি নব নির্বাচিত সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | আলোচনান্তে কৃষি উন্নয়নমূলক কাজে সহয়োগিতা করার জন্য নব নির্বাচিত সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ৭. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সভায় জানান তাদের ঋণ কার্যক্রম অব্যাহত আছে। বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। তিনি নব নির্বাচিত ইউ/পি চেয়ারম্যানগণকে যুব শক্তিতে দেশকে স্বনির্ভর করার সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। | আলোচনান্তে নব নির্বাচিত ইউ/পি চেয়ারম্যানগণকে যুব শক্তিতে দেশকে স্বনির্ভর করার সার্বিক সহযোগিতা করার অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান যে সকল ইউনিয়নে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নেই সে সকল ইউনিয়নে উপযুক্ত স্থান পাওয়া গেলে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ করা যাবে। ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ এর জন্য ০.৫০ একর জমি এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ এর জন্য ০.৩০ একর জমির প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের | আলোচনান্তে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ এর জন্য দ্রুত স্থান নির্বাচন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর ও সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যান। |

| | | | |
|---|---|---|---|
| | জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | | |
| ৯. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান মৎস্য সংরক্ষণের জন্য অভয়াশ্রম এর স্থান নির্ধারন করা জরুরী। অভয়াশ্রমের স্থান চিহ্নিত করে বাঁশ ও কাটা ফেলে রাখতে হবে। একজন পাহাড়াদার নিয়োজিত রাখতে হবে যাতে কেউ অভয়াশ্রমে মাছ শিকার করতে না পারে। জলাশয়ে বিভিন্ন প্রজাতির মাছ এর সংখ্যা এখন দিন দিন কমে যাচ্ছে। তাই তিনি অভয়াশ্রমে যাতে কেউ কোন প্রকারের মৎস্য আহরণ করতে না পারে সেদিকে সংশ্লিষ্ট সকলকে নজরদারি রাখার অনুরোধ জানান। | আলোচনান্তে মৎস্য সমবায় সমিতিগুলোকে অভয়াশ্রমে পাহাড়াদার নিয়োগ করার জন্য এবং সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যানগণকে অভয়াশ্রমে যাতে কেউ কোন প্রকারের মৎস্য আহরণ করতে না পারে সেদিকে নজরদারি রাখার অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। ও সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যান। |
| ১০. | উপজেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ সদর সভায় সকল ইউ/পি চেয়ারম্যানগণকে জন্মনিবন্ধন সনদ দেয়ার ক্ষেত্রে যাচাই বাছাই করে দেওয়ার জন্য অনুরোধ জানান। কারণ বাস্তবে জন্ম নিবন্ধন সনদের সাথে অনেকের বয়স এর গড়মিল পরিলক্ষিত হচ্ছে। | আলোচনান্তে জন্মনিবন্ধন সনদ দেয়ার ক্ষেত্রে যাচাই বাছাই করে দেওয়ার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১১. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান প্রাণিসম্পদ অফিসে গরু, ছাগল, হাঁস, মুরগিসহ বিভিন্ন প্রজাতির প্রাণীর পর্যাপ্ত পরিমাণ ঔষধ মজুদ রয়েছে। তিনি আরও জানান গরু, ছাগল, হাঁস, মুরগিসহ বিভিন্ন প্রজাতির প্রাণীকে নিয়মিত টিকা ও কৃমিনাশক ঔষধ প্রদান করা হচ্ছে। বৈজ্ঞানিক পদ্ধতিতে হাঁস, মুরগি, গরু ও ছাগল পালনে নতুন উদ্যোক্তাদের প্রশিক্ষণের মাধ্যমে উৎসাহিত করতে হবে। এ ব্যাপারে প্রশিক্ষণ প্রকল্প গ্রহণ করা যেতে পারে। উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে দুধের উৎপাদন বৃদ্ধি করা একান্ত প্রয়োজন। সুনামগঞ্জ সদর উপজেলায় গরুর দুধের পরিমাণ তুলনামূলকভাবে অনেক কম। | আলোচনান্তে বৈজ্ঞানিক পদ্ধতিতে হাঁস, মুরগি, গরু ও ছাগল পালন এবং উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে দুধের পরিমাণ বৃদ্ধির জন্য নতুন উদ্যোক্তাদের উৎসাহিত করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান টিআর/কাবিটা কাজের ১ম কিস্তির তালিকার অনুমোদন পাওয়া গেছে। তিনি সংশ্লিষ্ট সকলকে দ্রুত কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানান। | আলোচনান্তে টিআর/কাবিটা কাজের ১ম কিস্তির অনুমোদন পাওয়ায় কাজ দ্রুত বাস্তবায়ন করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর ও সংশ্লিষ্ট সকল। |
| ১৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান বিগত বছরের বার্ষিক পরীক্ষা সীমিত সিলেবাসে গ্রহণের মাধ্যমে ছাত্র/ছাত্রীদের পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণ করা হয়েছে। করোনা ভাইরাস টিকা ১ম ডোজ ১২-১৭ বছর এর ছাত্র-ছাত্রীদের দেওয়া হচ্ছে। হাজী লাল মাহমুদ উচ্চ বিদ্যালয়ের একজন শিক্ষকের বিরুদ্ধে ছাত্রী ইভটিজিং এর অভিযোগ পাওয়ায় তা দ্রুত তদন্ত করে ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে করোনা ভাইরাস টিকা ১ম ডোজ ১২-১৭ বছর সকল ছাত্র/ছাত্রীদের প্রদান নিশ্চিত করার জন্য এবং হাজী লাল মাহমুদ উচ্চ বিদ্যালয়ের একজন শিক্ষকের বিরুদ্ধে ছাত্রী ইভটিজিং এর অভিযোগ দ্রুত তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ১৪. | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২২ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে বিনামূল্যে বই বিতরন করা হয়েছে। | আলোচনান্তে নেপ কর্তৃক এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত দৈনিক ক্লাস রুটিন | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| | নেপ কর্তৃক এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত দৈনিক ক্লাস রুটিন এবং বার্ষিক পাঠ পরিকল্পনা ইতোমধ্যে সকল বিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে। প্রণিত রুটিন অনুযায়ী পাঠদান কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বদলী কার্যক্রম বর্তমানে বন্ধ রয়েছে, বদলি কার্যক্রম চালু হলে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। | এবং বার্ষিক পাঠ পরিকল্পনা অনুযায়ী পাঠদান কার্যক্রম শুরু করা এবং শিক্ষকদের বদলী কার্যক্রম চালু হলে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৫. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান পল্লী উন্নয়ন বিভাগের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম চলমান রয়েছে এবং অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনান্তে পল্লী উন্নয়ন বিভাগের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১৬. | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরে মোট ১৩৮টি সমিতির মধ্যে ৯০টি সমিতির নির্বাচন ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। সমিতির মাধ্যমে ঋণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। | আলোচনান্তে অবশিষ্ট সমবায় সমিতিগুলোর নির্বাচন দ্রুত সমাপ্ত করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর সভায় জানান বর্তমানে আমন ধান ও চাল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। তবে আমন ধান সংগ্রহে কৃষকদের আগ্রহ কম দেখা যাচ্ছে।<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান সদর উপজেলার যে লক্ষ্য মাত্রা রয়েছে তা পূরণ হচ্ছেনা। কারণ প্রান্তিক পর্যায়ে যারা ধান বিক্রয় করে তারা সিন্ডিকেটের মধ্যে পড়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছেন। এ ব্যাপারে সরকারি নীতিমালা মোতাবেক ধান ক্রয় কার্যক্রম গ্রহণ করা হলে সাধারণ কৃষকগণ উপকৃত হবেন। | আলোচনান্তে দ্রুত আমন ধান সংগ্রহ করার জন্য কৃষকদেরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর। |
| ১৮. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (পুনঃপ্রবর্তন আইন, ২০০৯ ও সংশোধিত আইন, ২০১১) এর ২৯(১) ধারার বিধান অনুযায়ী উপজেলা পরিষদ কর্তৃক ১৭(সতের)টি বিষয়ে ০১(এক)টি করে কমিটি গঠন করা হয়। কমিটিগুলোর মেয়াদ ছিল দুই বৎসর ছয় মাস। বর্তমানে কমিটিগুলোর মেয়াদ উত্তীর্ণ হওয়ায় কমিটি পুনঃগঠন করা প্রয়োজন। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (পুনঃপ্রবর্তন আইন, ২০০৯ ও সংশোধিত আইন, ২০১১) এর ২৯(১) ধারার বিধান অনুযায়ী ১৭(সতের)টি বিষয়ে ০১(এক)টি করে কমিটি পুনঃগঠন করা হলো যা (পরিশিষ্ট-"খ") তালিকায় উল্লেখিত। উক্ত তালিকা সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ১৯. | বিবিধ : উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান ডিসেম্বর/২০২১ মাসে আপ্যায়ন বাবদ ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা, স্থায়ী কমিটির সভার আপ্যায়ন বাবদ ৮,০০০/-(আট হাজার) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা, পরিষদের ইন্টারনেট বাবদ ৩,০০০/-(তিন হাজার) | আলোচনান্তে বর্ণিত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া টিএ বিল বাবদ ভাইস চেয়ারম্যান ১৮,৫০০/-(আটারো | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | টাকার বিল পাওয়ার আবেদন করেন। এছাড়া ভাইস চেয়ারম্যান ১৮,৫০০/-(আটারো হাজার পাঁচশত) টাকা ও মহিলা ভাইস চেয়ারম্যান ১৮,০০০/-(আটারো হাজার) টাকা অক্টোবর/২০২১ থেকে ডিসেম্বর/২০২১ মাসের টিএ বিল পাওয়ার আবেদন করেন। উক্ত ব্যয়িত অর্থ পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | হাজার পাঁচশত) টাকা ও মহিলা ভাইস চেয়ারম্যান ১৮,০০০/-(আটারো হাজার) টাকা রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সদর, সুনামগঞ্জ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল হুদা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০৮৭১-৬১৫৯১
ই-মেইল : chairmanuzpsadar@gmail.com

স্মারক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-১৬৩(৫০)

তারিখ : ২৪ জানুয়ারি ২০২২ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে ।

১। মাননীয়, সংসদ সদস্য, সুনামগঞ্জ-৪ নির্বাচনী এলাকা, সুনামগঞ্জ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৭। মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৯। উপজেলা ........................... কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১০। চেয়ারম্যান, ........................ ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১১। জনাব ........................ ইউ/পি সংরক্ষিত মহিলা সদস্য ও সদস্য উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১২। অফিস কপি/মাস্টার ফাইল।

24.01.22

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের মাসিক সভায় জনপ্রতিনিধিবৃন্দের উপস্থিতি:

মাসের নাম: জানুয়ারি/ ২০২২ইং

সভার তারিখ: ১৩/০১/২০২২ সময়: ০৬.০০ মিনিট.

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব মো: খায়রুল হুদা | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | |
| ০২ | " নাদের বখত | মেয়র<br>সুনামগঞ্জ পৌরসভা. | |
| ০৩ | " নিগার সুলতানা | মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর। | [signature] ১৩/০১/২২ |
| ০৪. | " মো: আবুল হোসেন. | ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর। | [signature] |
| ০৫. | " মো: আব্দুল ওয়াদুদ | চেয়ারম্যান.<br>লক্ষনশ্রী, ইউপি | [signature] |
| ০৬. | " মো: আবুল বরকত | চেয়ারম্যান<br>কুরবাননগর, ইউপি. | [signature] ১৩/০১/২২ |
| ০৭. | " মো: নূরুল হক. | চেয়ারম্যান.<br>মোল্লাপাড়া, ইউপি. | [signature] |
| ০৮ | " মো: সামছুল ইসলাম | চেয়ারম্যান.<br>কাটইর, ইউপি. | [signature] |
| ০৯ | " মো: আব্দুল হাই . | চেয়ারম্যান<br>রঙ্গারচর, ইউপি. | [signature] |
| ১০ | " আমির হোসেন রেজা | চেয়ারম্যান.<br>সুরমা, ইউপি . | [signature] |

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ১১. | জনাব. রসিদ আহাম্মেদ | চেয়ারম্যান জাহাঙ্গীরনগর. ইউপি. | |
| ১২ | " মো: শওকত আলী | চেয়ারম্যান গৌবারং. ইউপি. | |
| ১৩ | " মো: মর্দন উল হক | চেয়ারম্যান মোহনপুর, ইউপি. | |

উপজেলা পরিষদের মাসিক সভায় কর্মকর্তাবৃন্দের উপস্থিতি :

মাসের নাম: জানুয়ারি/ ২০২২ইং

সভার তারিখ: ১৬/০১/২২ সময়: ০৬.০০ মিনিট

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব ইমরান শাহারীয়ার | উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর। | |
| ২ | ডা: সৌমিত্র চক্রবর্তী | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ৩ | মো: সালাহ উদ্দিন টিপু | উপজেলা কৃষি অফিসার সুনামগঞ্জ সদর। | ১৬/০১/২২ |
| ৪ | ডা: মোহাম্মদ আব্দুল আউয়াল ভূঁইয়া | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ৫ | প্রশান্ত দে | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ৬ | আনোয়ার হোসেন | উপজেলা প্রকৌশলী। সুনামগঞ্জ সদর। | |
| ৭ | মুহাম্মদ মহিদুর রহমান | অফিসার ইন চার্জ সুনামগঞ্জ সদর, মডেল থানা। | |
| ৮ | অশোক রঞ্জন পুরকায়স্থ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। সুনামগঞ্জ সদর। | |
| ৯ | এনামুর রহিম বাবর | উপজেলা শিক্ষা কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১০ | বেনু গোপাল দাস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সুনামগঞ্জ সদর। | |
| ১১ | বিশ্বজিত কৃষ্ণ চক্রবর্তী | উপজেলা প.প. কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | ২০/০১/২২ |
| ১২ | মো: শাহিনুর আলম | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৩ | মো: আইনুল ইসলাম ভূঁইয়া | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৪ | বিদিত রঞ্জন কর | উপজেলা সমবায় কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৫ | মানিক মিয়া | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬ | জনাব মিন্টু সরকার | পরিসংখ্যান কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | ১৩/০৭/22 |
| ১৭. | " এ জে এম রেজাউল আলম | উপ-পরিচালক, মহিলা বিষয়ক সুনামগঞ্জ। | |
| ১৮. | " চয়নব্রত চক্রবর্তী | উপজেলা রেঞ্জ কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৯. | " উত্তম কুমার রায় | উপজেলা নির্বাচন অফিসার সুনামগঞ্জ সদর। | ১৩/০৭/22 |
| ২০. | " মাহফুজুর রহমান সেলিম | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ২১. | " অসীম বরন তালুকদার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | ১৩/০৭/২০২২ |
| ২২. | " আব্দুল্লাহ আল মামুন | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সুনামগঞ্জ সদর। | ১৩/০৭/২২ |
| ২৩. | " সেলিম আহমদ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক. সুনামগঞ্জ সদর। | |
| ২৪. | " সৈয়দ আহমেদ শাহলান | ইন্সট্রাক্টর, ইউআরসি, সুনামগঞ্জ সদর। | |
| ২৫. | " শেখ আব্দুর রব | ইউডিএফ, ইউজিভিপি-এনজিডি. | 13.07.2022 |